ঝিনাইদহে জমকালো আয়োজনে মুজিববর্ষের উদ্বোধন

ঝিনাইদহে জমকালো আয়োজনের মধ্যে মুজিববর্ষের উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে সোমবার রাত ১২ টায় শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে শত মোমবাতি প্রজ্জলন করা হয়। এসময় স্মরণ করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। পরে সেখানে কেক কাটা হয়।

এসময় সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুসহ স্থানীয় আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। কেক কাটার সময় শ্লোগানে শ্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো এলাকা।

একই সাথে চলে আতশবাজী প্রদর্শন। রংবেরংয়ের আতশবাজীতে ঝলমল করে পুরো শহর। এর আগে সন্ধ্যা থেকে রাত সাড়ে ১১ টা পর্যন্ত পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে চলে সাংস্কৃতিক অনুষ্ঠান।

জেলা আওয়ামী লীগের উদ্যোগে সকালে শহরের এইচএসএস সড়কের জেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন আওয়ামী লীগের নেতাকর্মীরা। সেখান থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এসময় ঝিনাইদহ ১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই, সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সফিকুল ইসলাম অপুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এছাড়া ঝিনাইদহ জেলা প্রশাসক, জেলা পুলিশ, জেলা পরিষদ, সিভিল সার্জন, মাদক দ্রব্য অধীদপ্তর, উপজেলা পরিষদ, পরিবার পরিকল্পনা, পাসপোর্ট অফিস, জনতা ব্যাংক, সিও সংস্থাসহ বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন।

মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে ২১ প্রবাসী

করোনা ভাইরাস মোকাবিলায় সংক্রমণ এড়াতে বিভিন্ন দেশ থেকে আসা ২১ জন প্রবাসীকে মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

এদের মধ্যে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় ১৬ জন, মেহেরপুর জেনারেল হাসপাতালের আওতায় ৩জন ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় ২ জন। এদের মধ্যে একজনের ১৪ দিন শেষ হওয়ায় ছেড়ে দেওয়া হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন এ তথ্য জানান।

তিনি জানান, সাম্প্রতিক সময়ে সিঙ্গাপুর থেকে আসা সাতজন, মালয়েশিয়া থেকে চারজন, সৌদি আরব, কাতার, পর্তুগাল, ইটালি ও বাহারাইন থেকে একজন করে প্রবাস ফেরত ব্যক্তিকে রাখা হয়েছে হোম কোয়ারেন্টাইনে। তবে এখনো পর্যন্ত করোনার কোন লক্ষণ তাদের শরীরে পাওয়া যায়নি।

মেপ্র/ইএম

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের বঙ্গবন্ধু‘র জন্মশতবার্ষিকী পালন

গাছের চারা রোপন, র্যালী ও শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্যে দিয়ে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে উদ্যোগে জাতির

পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকালে প্রতিষ্ঠানের অধ্যক্ষ ফয়েজুল বারীর নেতৃত্বে একটি র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান প্রধান শহর প্রদক্ষিণ করে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। পরে কলেজ প্রাঙ্গণে শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ মিলে গাছের চারা রোপন করেন।

এ সময় অন্যদের মধ্যে সেখানে উপস্থিত ছিলেন শিক্ষক শামিমুল কবির, রঞ্জিত কুমার, শেখ ফরিদ আহমেদ, আব্দুল কাদের, মনোয়ারুল ইসলাম, মাসুদুল আলম,নিবাস চন্দ্র দাস, আলমগীর হোসেন, মো:আলী, মীর মোক্তার হোসেন সহ কলেজের শিক্ষার্থীরা।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে আলোকসজ্জা

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে সোমবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর শেখ রাসেল নগর পার্কে আলোকসজজ্জার বিভিন্ন দৃশ্য। ছবি-পিবিএ

চুয়াডাঙ্গায় ফেনসিডিল বোঝাই পিকআপ ভ্যানসহ তিনজন আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার ভিমরুল্লা প্রাথমিক বিদ্যালয়ের সামনে থেকে ফেনসিডিল বোঝাই একটি পিকআপ ভ্যানসহ তিন মাদক ব্যবসায়ী আটক করেছে র্যাব-৬’র একটি দল।
এসময় পিকআপ ভ্যানে থাকা ৭১ বস্তা আলুর মধ্যে থেকে ৭৯৩ বোতল

ফেনসিডিল উদ্ধার করা হয়। মঙ্গলবার সকালে পাঠানো র্যাবের সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

আটককৃতরা হলেন, জেলার দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তুপুর গ্রামের আব্দুস সামাদের ছেলে সাইফুল ইসলাম (২৫) এবং বরিশাল জেলার কাউনিয়া থানার আমানতগঞ্জ গ্রামের আলতাফ হোসেনের ছেলে মোহাম্মদ সোহেল (২৮) ও সিরাজ হাওলাদারের ছেলে সবুজ হাওলাদার (২৬)।

র্যাব-৬’র ঝিনাইদহ কোম্পানী কমান্ডার বজলুর রশীদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার রাতে চুয়াডাঙ্গা সদর উপজেলার ভিমরুল্লা এলাকায় অভিযান চালানো হয়। এসময় সন্দেহভাজন একটি পিকআপ ভ্যান তল্লাশী চালিয়ে ৭৯৩ বোতল নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিলসহ তিনজনকে আটক করা হয়। পরে উদ্ধারকৃত ফেনসিডিলসহ আটককৃতদের চুয়াডাঙ্গা সদর থানায় সোপর্দ করা হয়। এ বিষয়ে থানায় মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/ইএম

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

নানা আয়োজনের মধ্যে দিয়ে চুয়াডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকালে বঙ্গবন্ধু ও বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে একে একে জেলা আওয়ামীলীগ ও বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন এবং সকল সরকারি প্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে।

জেলা আওয়ামীলীগের পক্ষে দলীয় সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি পুষ্পমাল্য অর্পণ করেন। সকাল ৯টায় জেলা প্রশাসকের

কার্যালয়ে অবস্থিত ডিসি সাহিত্য মঞ্চে শিক্ষার্থীদের নিয়ে সীমিত আকারে সঙ্গীত, কুইজ, চিত্রাঙ্কন, আবৃত্তি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে দিবসের শুরুতে জেলা আওয়ামীলীগ কার্যালয়ের সামনেও জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

মেপ্র/ইএম

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পালিত

মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের শতবর্ষপূর্তি পালন করা হয়েছে।
এ উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে মুজিবনগর সৃতিসৌধে ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

এ সময় উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা রেজওয়ান আহম্মেদ, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেনসহ উপজেলা পরিষদের সকল দপ্তরের কর্মকর্তাবৃন্দ ও রাজনৈতিক নেতৃবন্দ উপস্থিত ছিলেন।
এর আগে ৩১ বার তোপদ্ধনির মধ্যে দিয়ে দিবসটির শুভ সূচনা করা হয়।

গাংনীতে জাতির জনকের জন্মদিনের

আনুষ্ঠানিক ভাবে কার্যক্রম শুরু হয়েছে

সূর্যোদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনির মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে জাতির জনকের জন্মদিনের আনুষ্ঠানিক ভাবে কার্যক্রম শুরু হয়েছে।

মঙ্গলবার জাতির জনকের প্রতিক্রিতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক,উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান,সাবেক এমপি মো: মকবুল হোসেন,গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান সহ রাজনৈতিক নেতৃবৃন্দ ও সরকারী কর্মকর্তা।

পরে বিভিন্ন সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

প্রকৃতি বাঁচলে বাংলাদেশ বাঁচবে

প্রকৃতি বাঁচলে বাংলাদেশ বাঁচবে বলে মত দিয়েছেন আলোচকরা। সোমবার বিকেলে শহরের খেয়া রেস্তোরাঁয় প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ বিষয়ক মত বিনিময় সভায় এ মত প্রকাশ করেন বক্তারা।

কুষ্টিয়ায় সম্মিলিত সামাজিক জোট এ মতবিনিময় সভার আয়োজন করে। সংগঠনের চেয়ারম্যান ড. আমানুর আমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন যশোর সার্কেলের বন সংরক্ষক মোল্লা রেজাউল করিম।

এসময় তিনি বলেন, পৃথিবীকে বাঁচাতে হলে একটি উপযোগী ইকোসিস্টেম দরকার। একমাত্র মানুষের সচেতনতাই তা সৃষ্টি করতে পারে। সম্মিলিত ভাবে কাজ করলে প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ সম্ভব। আমরা যশোর সার্কেলে ইউনিয়ন বৃক্ষ কমিটির মাধ্যমে ১ কোটি ফলজ গাছ রোপণ করা

মতবিনিময় সভায় জেলার ৪০ টি সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের কোটচাঁদপুরে কসমেটিকস্ ব্যবসায়ীর জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুর মেইন বাজারে ভোক্তা অধীকার সংরক্ষন অধিদপ্তরের বাজার তদারকি অভিযান পরিচালনা করে দুটি কসমেটিকস্ দোকানে ১২হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

সোমবার দুপুরে কোটচাঁদপুর বাজারে জেলা ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহঃ পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে বিভিন্ন কসমেটিক দোকানে বাজার তদারকি এই অভিযান পরিচালনা করা হয়।

শহরের সিরাজুল ইসলাম সড়কে লিটন ইন্টারপ্রাইজে মেয়াদ উত্তির্ণ এবং নকল কসমেটিক প্রসাধনী মজুদ ও বিক্রির দায়ে ১০ হাজার টাকা এবং একই অপরাধে প্রাপ্তি ষ্টোর কে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এদিকে অভিযানের সংবাদ ছড়িয়ে পড়লে বাজারের অধিকাংশ কসমেটিকের দোকান বন্ধ হয়ে যায়। অভিযানে জেলা ক্যাব সভাপতি আমিনুর রহমান টুকু ও কোটচাঁদপুর উপজেলা সেনেটারী ইন্সপেক্টর মো: মনিরুজ্জামান উপস্থিত ছিলেন। এই সময় পুলিশের একটি টিম সার্বিক নিরাপত্তার দায়িত্ব পালন করেন।